



খেলায় সময়
মেসির গোল, তবু লা লিগা
থেকে ছিটকে গেল বাস!

এই সময়

সাপ্তাহিক সংবাদ ও
সংবাদে পরিচালিত No.1*

সংবাদ পত্র

YOUNG BENGAL

GLOBAL BENGALI

করোনা মিটার

দেশজুড়ে আক্রান্ত

৩,৪৮,৪২১

মৃত ৪,২০৫

রাজ্যে আক্রান্ত ২০,৩৭৭

মৃত ১৩২

সংক্রমণ, সেরা: স্বাস্থ্যবিদ ও সবার সবার
কর্তা (শেখ-১১ বর্গ)

অক্সিজেন সঙ্কটে 'মুক্তি'

এই সময়, রায়দিঘি: করোনা পরিস্থিতিতে অক্সিজেনের ঘাটতি দেখা দিয়েছে অধিকাংশ হাসপাতালেই। সুন্দরবনের রায়দিঘি বিধানসভার বিস্তীর্ণ এলাকার গ্রামীণ হাসপাতালগুলিতে অক্সিজেনের অভাবে সমস্যায় পড়েছেন বহু মানুষ। এই অবস্থায় মুমূর্ষু রোগীদের কথা মাথায় রেখে এগিয়ে এল জার্মান ডেপুটি হাইকমিশন ও একটি স্বেচ্ছাসেবী সংগঠন 'মুক্তি'। তাদের উদ্যোগেই দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুরের কৃষ্ণচন্দ্রপুরে কোভিড কেয়ার সেন্টার তৈরি করল ডা. প্রভাত মেমোরিয়াল সোসাইটি। মূলত করোনা আক্রান্তদের পরীক্ষা করার পাশাপাশি চিকিৎসাও করা হবে এখানে। অক্সিজেন ঘাটতির কথা মাথায় রেখে বসানো হয়েছে দু'টি অক্সিজেন কনসেন্ট্রেটর। করোনা আক্রান্ত কিংবা যেকোনো মুমূর্ষু রোগী বিনামূল্যে অক্সিজেন পাবেন এই কোভিড কেয়ার সেন্টারে।

স্থানীয় মায়াভবনে অক্সিজেন কনসেন্ট্রেটর দু'টির উদ্বোধন করেন রায়দিঘির বিধায়ক অলোক জলদাতা। উপস্থিত ছিলেন মথুরাপুর-১ ব্লকের বিডিও তারাশঙ্কর প্রামাণিক, শিক্ষক চন্দন মাইতি প্রমুখ। বিধায়ক অলোক জলদাতা বলেন, 'কোভিড কেয়ার



এল অক্সিজেন কনসেন্ট্রেটর — এই সময়

সেন্টারটি চালু হওয়ায় মথুরাপুর-১ ও ২ ব্লকের দু'টি হাসপাতালের রোগীর আধিক্য কিছুটা হলেও কমবে। তবে আগামী দিনে এলাকার সব করোনা যোদ্ধাদেরকে একত্রে নিয়ে প্রত্যেক এলাকায় কোভিড কেয়ার সেন্টার তৈরি করা হবে।' কৃষ্ণচন্দ্রপুরের এই কোভিড কেয়ার সেন্টারটি থেকে বিনামূল্যে অক্সিজেনের পাশাপাশি প্রয়োজনীয় ওষুধ পাবেন রোগীরা। থাকছেন অভিজ্ঞ চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরাও। সোসাইটির সম্পাদক চন্দন মাইতি বলেন, 'প্রতিদিন ২৪ ঘণ্টাই খোলা হচ্ছে সেন্টারটি। আগামী দিনে সুন্দরবনের প্রত্যেক এলাকায় অক্সিজেন পরিষেবা পৌঁছে দেওয়া হওয়ার কথা ভেবেছি।'